

সেজান মাহমুদ-এর রাজনৈতিক ছড়া

(বাংলাদেশ শিশু একাডেমী পুরস্কারপ্রাপ্ত ছড়াকার সেজান মাহমুদ এরশাদ বিরোধী গণ-আন্দোলনের সময় রাজনৈতিক ছড়া লিখে আলোড়ন সৃষ্টি করেছিলেন। তার ছড়া টি এস সি'র কবিতা পরিষদ থেকে জনতার মঞ্চে পঠিত হয়েছে। তীব্র ব্যঙ্গ, শাণিত ছন্দ, আর সাহসের আরেক নাম তার ছড়াগ্রন্থ 'পালটে শুধু লেবাস'। এবার তিনি লিখেছেন সাম্প্রতিক রাজনৈতিক বিষয় নিয়ে।)

এক।

ঠাস ঠাস ঠাস ফঠাস ফঠাস
ফাটলো নাকি টায়ার?
জী না এটা চার দলীয়
বেআইনী ক্রস ফায়ার।

মানুষ ধরো মানুষ মারো
নাই তো কোন বিচার
কে শেখালো ম্যাডাম কে আজ?
গোলাম আযম টিচার।

হত্যা করে বুদ্ধিজীবী
পাকানো সে হাত
তাই বুঝি তাই শক্ত এমন
সে হাতের আঁতাত।

কিন্তু গেছেন ভুলে
একাত্তরের মতোই আবার
আগুন দেবো চুলে।

দুই।

রাষ্ট্রপতি ইয়াজ!
দেশটা তো নয় কাঁচা মরিচ
কিন্মা রসুন পিঁয়াজ-
কেয়ারটেকার মানেই কিন্ত
নিরপেক্ষ কেয়ার
একচক্ষু আপনি হলে
ঠেকায় তখুন কে আর?

ইলেকশনের নামে দেখান
ভানুমতির খেল,
শিক্ষকতার নাম ডোবালেন
মেখে চাটুর তেল।

রাষ্ট্রপতি ইয়াজ!
দেশটা তো নয় আলু পটল
কিছা পচা পিঁয়াজ-
মধ্যরাতে বজ্জতা দেন
বিবেক থাকে বন্দী
ঘাতক, দালাল রাজাকারের
সঙ্গে করেন সন্ধি।

নিকট অতীত সবাই ভোলে
বিস্মরণের দেশে
অতীত বলে সব শাসকই
পালায় অবশেষে।

'রাষ্ট্রপতির শাসন' বলে
নষ্ট কেয়ারটেকার
জনগণই করবে কিন্তু
আপনাকে আজ বেকার।